

২২৫

টা.বির স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবপ্রতিষ্ঠিত স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে স্বজনপ্রীতি ও আঞ্চলিকতাকে প্রাধান্য দিয়ে শিক্ষক নিয়োগ করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। গত জুনে ইনস্টিটিউটে বিভিন্ন বিষয়ে পাঁচজন শিক্ষক নিয়োগ দেওয়া হয়।

শিক্ষক নিয়োগের সময় ভালো ফলাফলের অধিকারী বেশকিছু প্রার্থীকে বাদ দেওয়া হয়েছে বলে অভিযোগ রয়েছে। তৎকালীন ভারপ্রাপ্ত পরিচালক প্রশাসনের সহযোগিতায় নিয়োগকে প্রভাবিত করেন বলে নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন প্রার্থী অভিযোগ করেন। তারা বলেন, ইনস্টিটিউটের স্বাস্থ্য বিজ্ঞান ও জনস্বাস্থ্য বিজ্ঞান বিষয়ে যে দুজনকে নিয়োগ দেওয়া হয় তাদের একজন প্রার্থীর স্বামী প্রভাবশালী আমলা। অপরজনের পিতাও সরকারের একজন সচিব, যার বাড়ি একটি বিশেষ জেলায়। প্রার্থীদের মেধা যাচাইয়ের সঙ্গে সঙ্গে এ বিষয়গুলোকেও নির্বাচকরা গুরুত্ব দিয়েছেন বলে কয়েকজন প্রার্থী অভিযোগ করেছেন। এ ছাড়া স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে সহকারী অধ্যাপক পদে যাকে নিয়োগ দেওয়া হয়েছে যার স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষার একটিতেও প্রথম শ্রেণী নেই। স্বাস্থ্য বিজ্ঞান বিষয়ে নির্বাচিত প্রার্থীর স্নাতক সম্মানে বিষয় ছিল মুক্তিকা বিজ্ঞান। অভিযোগ আছে, প্রার্থীরা যাতে সময়মতো ইন্টারভিউ কার্ড না পান সে জন্য ইন্টারভিউর মাত্র ৪-৫ দিন আগে তাদের নামে কার্ড ইস্যু করা হয়।

ইনস্টিটিউটের তৎকালীন ভারপ্রাপ্ত পরিচালক নিয়োগ সংক্রান্ত এ সব অভিযোগ সম্পর্কে ভোরের কাগজকে জানান, নিয়োগ যথাযথভাবে হয়েছে। নিয়োগের সময় নীতিগতভাবে তরুণদের প্রাধান্য দেওয়া হয়েছে, যাতে তারা স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চ শিক্ষা নিতে পারে। বয়স্কদের বেলায় এ সুযোগটি নেই। কিছু কিছু প্রার্থী ছিল যাদের ফলাফল ভালো। কিন্তু তারা বিশেষ করে স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চ শিক্ষা নিতে চায়নি। একজন প্রার্থী কিছুদিন পরেই কমনওয়েলথ স্কলারশিপে দেশের বাইরে চলে যাবে। তাই তাকে বাদ দেওয়া হয়েছে। তিনি বলেন, ঘটনাক্রমে নির্বাচিত একজনের বাড়ি একটি বিশেষ জেলায়। তদুপরি নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের নিয়োগ কমিটি নিয়েছে। কোনো ব্যক্তি নয়।